122

তারিখ 13 FEB 1994
পৃষ্ঠা ৪ কলাম ২

দৈনিক জনকণ্ঠ

## শরীয়তপুরে বিজ্ঞানবিষয়ক যন্ত্রপাতির অভাব

# শিক্ষার্থীরা পূর্ণাঙ্গ শিক্ষা থেকে বঞ্চিত

শরীয়তপুর, ১২ ফেব্রুয়ারি (সংবাদদাতা)।- জেলার ৬টি থানার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে পর্যাপ্ত বিজ্ঞান শিক্ষক ও যন্ত্রপাতি না থাকায় ছাত্র-ছাত্রীরা পূর্ণাঙ্গ বিজ্ঞান শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে।

জানা গেছে, শরীয়তপুর জেলার ভেদরগঞ্জ থানায় ১টি কলেজ ও ১টি বালিকা বিদ্যালয়সহ প্রায় ১২টি মাধ্যমিক বিদ্যালয় আছে। ডামুড্যা থানায় ১টি কলেজ ও ২টি বালিকা বিদ্যালয় এবং ৫টি মাধ্যমিক বিদ্যালয় আছে। গোসাইরহাট থানায় ১টি কলেজ, ১টি বালিকা বিদ্যালয়, ৫টি মাধ্যমিক বিদ্যালয়। জাজিরা থানায় ২টি কলেজ, ২টি বালিকা বিদ্যালয়সহ ১০টি মাধ্যমিক বিদ্যালয়, নড়িয়া থানায় ৩টি কলেজ, ৩টি বালিকা বিদ্যালয়সহ ১৫টি মাধ্যমিক বিদ্যালয় আছে এবং সদর থানায় ১টি কলেজ, ২টি বালিকা বিদ্যালয়সহ ১২টি মাধ্যমিক বিদ্যালয় আছে।

এই সকল বিদ্যালয়গুলোর মধ্যে থানা সদরের কলেজ ও বিদ্যালয়গুলোতে সামান্য বিজ্ঞান শিক্ষার ব্যবস্থা থাকলেও তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। থানা সদরের বিদ্যালয় ব্যতীত অন্যান্য বিদ্যালয়গুলোতে কোন বিজ্ঞান ভবন নেই। নেই কোন বৈজ্ঞানিক যন্ত্রপাতি। ফলে প্রতিটি বিদ্যালয়ে নবম ও দশম শ্রেণীতে বিজ্ঞান বিভাগ থাকলেও তারা আর্থিক অসচ্ছলতার কারণে পর্যাপ্ত বিজ্ঞান শিক্ষা থেকে বঞ্চিত।

বর্তমান সরকার বিজ্ঞান শিক্ষার উপর গুরুত্ব আরোপ করা সত্ত্বেও শরীয়তপুর জেলার শিক্ষার্থীরা পর্যাপ্ত শিক্ষক ও বিজ্ঞান বিভাগীয় যন্ত্রপাতির অভাবে ব্যবহারিক ক্লাস করতে পারে না। ফলে দেখা যায় যে, ব্যবহারিক পরীক্ষার সময় অধিকাংশ ছাত্র-ছাত্রীই কোন যন্ত্রপাতি চিনতে পারে না।

২টি সরকারী কলেজ, ১টি সরকারী বালিকা বিদ্যালয় ও ১টি সরকারী বালক বিদ্যালয়েও প্রয়োজনীয় বিজ্ঞান সামগ্রী না থাকায় ছাত্র-ছাত্রীদের বিজ্ঞান বিষয়ে শিক্ষা লাভ দুরূহ ব্যাপার হয়ে দাঁড়িয়েছে।